



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
জেলা ম্যাজিস্ট্রেসি পরিবীক্ষণ শাখা
www.cabinet.gov.bd



স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫২২.৯৯.০০১.২০.৬০

তারিখ: ২২ ভাদ্র ১৪২৭

০৬ সেপ্টেম্বর ২০২০

বিষয়: **অবৈধ বালু উত্তোলন ও বিপণন রোধে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বর্তমানে সরকারের অগ্রাধিকার প্রকল্প হিসেবে পদ্মা বহুমুখী সেতু প্রকল্প, পদ্মা রেল সেতু সংযোগ প্রকল্প, হাইওয়ে এক্সপ্রেস প্রকল্প, রূপপুর পারমানবিক বিদ্যুৎ প্রকল্পসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রকল্প বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। সাম্প্রতিক বিভিন্ন প্রিন্ট এবং ইলেকট্রনিক মিডিয়ায় প্রচারিত সংবাদে দেখা যাচ্ছে যে, কতিপয় দুষ্কৃতকারী কর্তৃক অতীব গুরুত্বপূর্ণ প্রকল্প সংলগ্ন এলাকাসমূহে এবং সরকারের বালু মহাল হিসাবে ঘোষিত নয় এমন এলাকা হতে ড্রেজার মেশিন ব্যবহার করে অবৈধভাবে বালু উত্তোলন করা হচ্ছে। তাছাড়া কোনো কোনো অনুমোদিত ইজারাকৃত বালুমহাল হতে বালু উত্তোলনের ক্ষেত্রে বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ যথাযথভাবে অনুসরণ না করে ড্রেজার ব্যবহার করে বালু উত্তোলন করা হচ্ছে। ফলে পরিবেশের ব্যাপক ক্ষতিসহ সংশ্লিষ্ট এলাকায় নদী ভাঙন বৃদ্ধি পাচ্ছে, গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহ হুমকির সম্মুখীন হচ্ছে এবং সর্বপোরি চলমান গুরুত্বপূর্ণ প্রকল্পের বাস্তবায়ন কাজ বাধাগ্রস্ত হচ্ছে। সে কারণে অবৈধ বালু উত্তোলন এবং বিপণন সম্পূর্ণ বন্ধ করা প্রয়োজন।

এমতাবস্থায় গুরুত্বপূর্ণ প্রকল্প সংলগ্ন এলাকাসমূহ এবং অন্যান্য সকল নদী/জলাভূমি/নিম্নাঞ্চল হতে অবৈধ বালু উত্তোলন এবং বিপণন সম্পূর্ণ বন্ধের নিমিত্ত সংশ্লিষ্ট আইনে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনাসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৬-৯-২০২০

তৌহিদ ইলাহী

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৪৭১২৪৩৬২

ফ্যাক্স: ৯৫৭৩৫৩৩

ইমেইল: cjme_sec@cabinet.gov.bd

জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট . . . (সকল)।

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫২২.৯৯.০০১.২০.৬০/১(১৫)


তারিখ: ২২ ভাদ্র ১৪২৭

০৬ সেপ্টেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ।
- ৩) সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়।

- ৪) সচিব, ভূমি মন্ত্রণালয়।
- ৫) সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- ৬) সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
- ৭) বিভাগীয় কমিশনার . . .(সকল)।
- ৮) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (উপসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ।



৬-৯-২০২০

তৌহিদ ইনাহী

সিনিয়র সহকারী সচিব